গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নং-১৫.৫৩.০০০০.০১৩.১১.০৫৯.১৯-৯৩৭

তারিখ: ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০১৯ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিটে নিম্নোক্ত স্থায়ী/অস্থায়ী শূণ্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ০১ | সহ সম্পাদক<br>(গ্রেড: ১২)<br>বেতন স্কেল: ১১৩০০-২৭৩০০/- | ১ | অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী। সাংবাদিকতায় অভিজ্ঞতা অগ্রগণ্য। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
| ০২ | সহকারী বিজনেস ম্যানেজার<br>(গ্রেড: ১২)<br>বেতন স্কেলঃ ১১৩০০-২৭৩০০/- | ১ | কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। কমার্স বিভাগের প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |
| ০৩ | উচ্চমান সহকারী<br>(গ্রেড- ১৪)<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/- | ১৩ | অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী। | ঐ |
| ০৪ | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কাম্পিউটার অপারেটর<br>(গ্রেড- ১৪)<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/- | ২ | এইচ এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বাংলা ও ইংরেজী শর্টহ্যান্ডে সর্বনিম্ন গতি যথাক্রমে প্রতি মিনিটে ৭০ শব্দ ও ১০০ শব্দ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন গতি বাংলায় ২৫ শব্দ ও ইংরেজীতে ৩০ শব্দ। | ঐ |
| ০৫ | অনুষ্ঠান সচিব<br>(গ্রেড- ১৪)<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/- | ১ | এইচ এস সি পাশ। প্রতি মিনিটে শর্টহ্যান্ডে ও টাইপের গতি বাংলা ইংরেজীতে যথাক্রমে ৬০ ও ২০ এবং ৮০ ও ২৫ শব্দ। | ঐ |
| ০৬ | ক্যাটালগার<br>(গ্রেড- ১৪)<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/- | ২ | লাইব্রেরী বিজ্ঞানে সার্টিফিকেটসহ স্নাতক ডিগ্রী। | ঐ |
| ০৭ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড- ১৪)<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/- | ১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Standard Aptitude বিষয়ে উত্তীর্ণ হতে হবে। | ঐ |
| ০৮ | রেডিও টেকনিশিয়ান<br>(গ্রেড- ১৪)<br>বেতন স্কেলঃ ১০২০০-২৪৬৮০/- | ৩৫ | কোন শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে উচ্চ মাধ্যমিক পরীক্ষা বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং তৎসহ রেডিও ইলেকট্রনিক্স/যান্ত্রিক তড়িৎ/শীতাতপ বিষয়ে সরকার অনুমোদিত কোন ইনষ্টিটিউট হইতে ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সম্পন্নের সার্টিফিকেট। | ঐ |
| ০৯ | স্টুডিও এক্সিকিউটিভ<br>(গ্রেড- ১৫)<br>বেতন স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/- | ১ | এইচ এস সি পাশ। | ঐ |
| ১০ | রীগার<br>(গ্রেড- ১৫)<br>বেতন স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/- | ৫ | কোন শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা/সমমানের পরীক্ষায় উত্তীন এবং তৎসহ ট্রান্সমিটার এরিয়াল কাজে ও মাষ্টে উঠা-নামার ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং রেডিও ইলেকট্রনিক্স/তড়িৎ ও ওয়েলডিং কাজে সরকার অনুমোদিত কোন ইনষ্টিটিউট হইতে কমপক্ষে ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সম্পন্নের সার্টিফিকেট। | ঐ |
| ১১ | হিসাব সহকারী<br>(গ্রেড- ১৬)<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ৩ | এইচ এস সি পাশ। | ঐ |
| ১২ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড- ১৬)<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ৩ | এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাস। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিং এ সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ। | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | গুদাম রক্ষক<br>(গ্রেড- ১৬)<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ৩ | এইচ এস সি পাশসহ ষ্টোরের কাজে ১ বৎসরের অভিজ্ঞতা। | ঐ |
| ১৪ | টেলিফোন অপারেটর<br>(গ্রেড- ১৬)<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ২ | টি এন্ড টি বোর্ড কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট প্রাপ্ত এস এস সি পাশ। টেলিফোন অপারেটর পদে ২ বৎসরের অভিজ্ঞতা। | ঐ |
| ১৫ | মোটর গাড়ী চালক<br>(গ্রেড- ১৬)<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ১৪ | অষ্টম শ্রেণী পাশ। হালকা অথবা ভারী গাড়ী চালানোর বৈধ লাইসেন্স প্রাপ্ত এবং তিন বৎসরের অভিজ্ঞতা। | ঐ |
| ১৬ | ইলেকট্রিশিয়ান<br>(গ্রেড- ১৬)<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/- | ৩ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমান পরীক্ষায় উত্তীর্নসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ০২ বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ন এবং ০৩ বছরের চাকুরির অভিজ্ঞতা। | ঐ |
| ১৭ | ইকুইপমেন্ট এটেনডেন্ট<br>(গ্রেড- ১৯)<br>বেতন স্কেলঃ ৮৫০০-২০৫৭০/- | ৩ | কোন শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান গ্রুপে কমপক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা/ সমমানের পরীক্ষায় উত্তীন এবং রেডিও ইলেকট্রনিক্স/ তড়িৎ/এয়ারকন্ডিশন/রেফ্রিজারেশন/ওয়েল্ডিং বিষয়ে কোন অনুমোদিত ইনষ্টিটিউট হইতে ট্রেড কোর্স সম্পন্নের সার্টিফিকেট। | ঐ |
| ১৮ | প্লাম্বার<br>(গ্রেড- ২০)<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ১ | ৮ম শ্রেণী উত্তীর্নসহ প্লাম্বিং কাজে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা, সরকার স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইন্সটিটিউট/টিটিসি হইতে ট্রেড কোর্স উত্তীর্ন সার্টিফিকেটধারীদের অগ্রাধীকার দেওয়া হইবে। | ঐ |
| ১৯ | এম এল এস এস<br>(গ্রেড- ২০)<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ৬ | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া। | ঐ |
| ২০ | গার্ড (নিরাপত্তা প্রহরী)<br>(গ্রেড- ২০)<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ১৮ | ভালো দৈহিক গঠন, সুস্বাস্থ্যের অধিকারী ও সরকার কর্তৃক স্বীকৃত স্কুল হইতে ৮ম শ্রেণী উত্তীর্ন। | ঐ |
| ২১ | মালী<br>(গ্রেড- ২০)<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ৪ | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়া এবং তৎসহ পেশাগত অভিজ্ঞতা। | ঐ |
| ২২ | পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার/সুইপার)<br>(গ্রেড- ২০)<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ১ | অষ্টম শ্রেণী পর্যন্ত লেখাপড়াসহ পেশাগত অভিজ্ঞতা অথবা সুইপার কমিউনিটির সদস্য। | ঐ |
| | মোট পদ: | ১২৩ টি | | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহনের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১. **আবেদনকারীর বয়স ২৮ মার্চ, ২০১৯ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং এতিমও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।**

২. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৫. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমানক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদপত্র/প্রত্যয়নপত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

৬. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/নাতি/নাতনী, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৭. প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮. **অনলাইনে আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৮ মার্চ ২০১৯ খ্রি.তারিখ সকাল ১০.০০ ঘটিকা থেকে এবং জমাদানের শেষ তারিখ ও সময় ১১ এপ্রিল ২০১৯ খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত।** উল্লেখ্য যে, সরকারী ছুটির দিন সহ ২৪ ঘন্টা অনলাইনে আবেদন করা যাবে।

৯. **অন- লাইনে আবেদেনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদানের নিয়মাবলীঃ**

ক) প্রার্থীকে বাংলাদেশ বেতারের ওয়েবসাইট www.betar.gov.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে অন লাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম ও ফি জমাদান সম্পন্ন করতে হবে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থীকে অবশ্যই Instructions & Advertisement Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত করে নিবেন।

খ) শুধুমাত্র Application ID (এ্যাপলিকেশন আইডি) প্রাপ্ত প্রার্থীগণ Application ID প্রাপ্তির পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে bKash এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ১৬ নং ক্রমিকের জন্য ১০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ৯ টাকা সহ মোট ১০৯/-(একশত নয়) টাকা এবং ১৭ থেকে ২২ নং ক্রমিকের জন্য ৫০ টাকা এবং অনলাইন ফি বাবদ ৬ টাকা সহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা মাত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

গ) পরীক্ষার ফি প্রদানঃ অন লাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং প্রার্থীর স্বাক্ষর আপলোড (Upload)করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র সাবমিশন (Submission) সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র (Submit) করা সম্পন্ন হলে প্রার্থী Application ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন মোবাইল অপারেটর থেকে bKash করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ১৬ নং ক্রমিকের জন্য ১০৯/-(একশত নয়) এবং ১৭ থেকে ২২ নং ক্রমিকের জন্য ৫৬ (ছাপ্পান্ন) টাকা জমা দিবেন।

১০. **<u>বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়াঃ</u>**

আবেদনের ওয়েবসাইটের লগইন অপশন থেকে আবেদন নম্বর এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন ।

**১ম ধাপঃ** বিকাশ পেমেন্ট বাটন - এ ক্লিক করুন। একটি স্ক্রিন দেখা যাবে উক্ত স্ক্রিনে আপনার বিকাশ একাউন্ট নম্বর দিন এবং শর্তাবলীতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান।

**২য় ধাপঃ** বিকাশ আপনার একাউন্ট নম্বর হিসেবে ব্যবহৃত মোবাইল নম্বরে ৬ সংখ্যার একটি ভেরিফিকেশন কোড পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রিনে দিয়ে পরবর্তী ধাপে যান।

**৩য় ধাপঃ** এরপর আপনার বিকাশ একাউন্টের পিন দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সফল হলে সাথে সাথেই আপনি একটি কনফার্মেশন এসএমএস পাবেন।

১১. **ছবি আপলোড (Upload): সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সাইজ ১০০ কেবি সাইজ- ৩০০ × ৩০০ পিক্সেল JPG ফরমেটে আপলোড করতে হবে।**

১২. **প্রার্থীর স্বাক্ষর আবেদনপত্রে নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর স্ক্যান করে সাদা ব্যাক গ্রাউন্ড সাইজ ২৫০×১৫০ পিক্সেল JPG ফরমেট এ আপলোড করতে হবে।**

১৩. **প্রবেশপত্র (Admit Card): প্রার্থী তার Application ID ও password নম্বর ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।**

১৪. **লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে বাংলাদেশ বেতারের ওয়েবসাইট** (www.betar.gov.bd) ও এস এম এস-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

১৫. **অসত্য/ ভুল তথ্য সংবলিত / ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/ প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগের পরে ও অসত্য/ ভুয়া প্রমানিত হলে আবেদন/ নির্বাচন/ নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা /ভুল তথ্য সরবরাহের জন্য তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১৬. যে কোন রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

১৭. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭/০৬/২২

মোহাম্মদ হামিদুর রহমান
উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন ও পদোন্নতি কমিটি